# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৩

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৪৭. ওজনের সময় (কিছু অধিক দেওয়ার উদ্দেশ্যে পাল্লা) ঝুঁকিয়ে দেওয়া

باب الرُّجْحَانِ فِي الْوَزْنِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ سُوَيْدِ بْنِ قَيْسٍ قَالَ جَلَبْتُ أَنَا وَمَخْرَمَةُ الْعَبْدِيُّ بَزًّا مِنْ الْبَحْرَيْنِ إِلَى مَكَّةَ فَأَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْشِي فَسَاوَمَنَا بِسَرَاوِيلَ أَوْ اشْتَرَى مِنَّا سَرَاوِيلَ وَثَمَّ وَزَّانٌ يَزِنُ بِالْأَجْرِ فَقَالَ لِلْوَزَّانِ زِنْ وَأَرْجِحْ فَلَمَّا ذَهَبَ يَمْشِي قَالُوا هَذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

২৬২৩. সুওয়াইদ ইবনু কাইস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি এবং মাখরামা আবদী বাহরাইন থেকে মক্কায় কিছু কাপড় আমদানী করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পায়ে হেঁটে আমাদের কাছে এলেন এবং একটি পাজামা ক্রয়ের দর স্থির করলেন, অথবা আমাদের নিকট থেকে একটি পায়জামা ক্রয় করলেন এবং সেখানে একজন ওজনকারী ছিল। সে পারিশ্রমিকের বিনিময়ে ওজন করে দিত। তিনি এ ওজনকারীকে বললেন, “ওযন করো এবং (পাল্লা ঝুঁকিয়ে দাও বা) একটু বেশি দাও।” এরপর যখন তিনি হেঁটে চলে গেলেন, তারা বললেন, ইনি হলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫১৪৭ ও মাওয়ারিদুয যাম’আন নং ১৪৪৪ তে। ((সুনানে আরবা’আ, আহমাদ, হাকিম, ইবনু হিব্বান।-ফাওয়ায আহমেদের দারেমী হা/২৫৮৫ এর টীকা।-অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুওয়ায়দ ইবন কায়স (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82908

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন